

বাংলাদেশ দূতাবাস
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিউল, দক্ষিণ কোরিয়া



Embassy of
the People's Republic of Bangladesh
Seoul, Republic of Korea

সংবাদ বিজ্ঞপ্তি

সিউলে 'মহান বিজয় দিবস-২০২২' উদযাপন

সিউলস্থ বাংলাদেশ দূতাবাস ১৬ ডিসেম্বর ২০২২ তারিখে যথাযোগ্য উৎসাহ উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে 'মহান বিজয় দিবস-২০২২' উদযাপন করে। উক্ত অনুষ্ঠানে দূতাবাসের কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবার এবং বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন। মহান বিজয় দিবস উপলক্ষ্যে চ্যান্সারি ভবনটিকে আলোকসজ্জায় সজ্জিত করা হয়।

দিবসের শুরুতে মান্যবর রাষ্ট্রদূত জনাব দেলওয়ার হোসেন দূতাবাস প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করেন। অতঃপর, দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে মান্যবর রাষ্ট্রদূত দূতাবাসে জাতির পিতার ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাজ্ঞাপন করেন।

মহান বিজয় দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের বিকেলে মহান মুক্তিযুদ্ধে শহিদদের বিদেহী আত্মার শান্তি এবং দেশ ও জাতির উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। এরপর দূতাবাসের কর্মকর্তাবৃন্দ মহান বিজয় দিবস উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করেন। এরপর দিবসের তাৎপর্য তুলে ধরে একটি মুক্ত আলোচনা পর্বে দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং প্রবাসী বাংলাদেশীগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

মান্যবর রাষ্ট্রদূত তাঁর আলোচনার শুরুতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়া তিনি মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী বীর মুক্তিযোদ্ধাদের অবদানের কথা সশ্রদ্ধচিত্তে স্মরণ করেন। বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন অভিযাত্রা এবং বাংলাদেশের অর্জনসমূহ উপস্থাপনপূর্বক তিনি জাতির পিতার 'সোনার বাংলা' বাস্তবায়নের লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।

আলোচনা পর্বের পরে মান্যবর রাষ্ট্রদূত উপস্থিত অতিথিবৃন্দের সাথে কেক কাটেন।

সিউল, ১৬ ডিসেম্বর ২০২২।

